সুদীর্ঘ তেষট্টি বৎসর ধরিয়া
সুনাম ও সততার
সঙ্গে
বিশেষত্ব বজায় রেখেছে
**পণ্ডিত-প্রেস**
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ
সকল প্রকার ছাপার কাজের
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫২শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৪ঠা ফাল্গুন বুধবার, ১৩৭২ ইং 16th Feb. 1966 { ৩৮-শ সংখ্যা



সকল ঘরের তরে...
**দীপ্তি লণ্ঠন**
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ১৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২
C. P. Seeve

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরানোর পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

কটিনতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

• ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।



**খাস জনতা**
কেরোসিন কুকার

দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

**শীতবস্ত্রের বিপুল আয়োজন**
**শিবদুর্গা বস্ত্রালয়**
রঘুনাথগঞ্জ বাজারপাড়া
গ্রাহকগণের রুচিসম্মত শীতের উপযোগী নানা-প্রকার কাপড় আমদানী করিয়াছি। পরীক্ষা প্রার্থনীয়।
প্রোঃ—শিবদুর্গা বস্ত্রালয়

স্টুডেন্টস্ ফেভারিট
রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ
★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৪ঠা ফাল্গুন বুধবার সন ১৩৭২ সাল।

# সমাজ ও কুষ্ঠরোগী

—০—

জীবনের পথে অনেকদিন চলছি, অনেক পথ চলে এসেছি, অনুভব করছি, যে আমাদের দেশে মানুষের প্রতি সত্যকার দরদই নেই। অথচ এই ভারতবর্ষেই একদা যাঁরা বুদ্ধদেবের আদর্শ গ্রহণ করেছিলেন তাঁরা শুধু রোগগ্রস্ত মানুষের সেবা করেছিলেন তা নয়, অশোকের সময় পশুদের জন্যও হাসপাতাল ছিল। সেদিন ভালোবাসার ও করুণার যে জোয়ার বয়েছিল সে জোয়ার শেষ হয়ে গেছে। বহুদিন পরে মানব প্রেমের বাণী নিয়ে এলেন রামমোহন, বিদ্যাসাগর ও গান্ধীজী। আমাদের দেশে অনেক খৃস্টান মিশনারী এলেন ভালোবাসার বলে বলীয়ান হয়ে, মানুষের সেবা করবার জন্যে। তাঁরা আমাদের মেকী আধ্যাত্মিকতাকে ধরিয়ে দিয়েছেন সকলের কাছে, লজ্জা দিয়েছেন আমাদের। "ধর্ম্মবন্ধু" পত্রিকায় রামানন্দ চট্টোপাধ্যায় কুষ্ঠ-রোগীদের নিয়ে বারবার লেখেন। ফাদার ড্যামিয়েনের জীবনী বার করেন "ধর্ম্মবন্ধুতে"। কুষ্ঠরোগীদের প্রতি আমাদের সমাজের নিষ্ঠুর ব্যবহার সম্বন্ধে রামানন্দ লেখেন। আমাদের মানবতা বোধহীন উদাসীনতার জন্য তিনি আমাদের ভর্ৎসনা করেছেন। দয়া করতে বলেননি তিনি, ভালোবাসতে বলেছেন। দয়ার দান গ্রহণে অপমান আছে। রবীন্দ্রনাথ বলেছেন যে বিনা ভালোবাসার দান মানুষকে ছোট করে, অপমান করে।

কুষ্ঠরোগীদের অসুখ সারালেই আমাদের কাজ শেষ হল না; তাদের জীবিকা উপার্জ্জনের ব্যবস্থা করে দিতে হবে, সমাজে তাদের স্থান করে দিতে হবে। কলকাতায় আরেকটা ব্রীজ তৈরী করবার জন্যে কোটি কোটি টাকা খরচের ব্যবস্থা হচ্ছে অথচ মানুষ অন্নহীন, স্বাস্থ্যহীন হয়ে মরছে তাদের জন্যে ব্যবস্থা নেই। গাঁয়ে আলো নেই, নির্মল পানীয় নেই, ছেলেমেয়েদের পড়াশুনার যথাযথ ব্যবস্থা নেই। দরদের অভাবে কিছুই হচ্ছে না। সমাজ কুষ্ঠরোগীদের সহজে গ্রহণ করবে না। বহু-দিনের কুসংস্কার থিতিয়ে আছে। অবিশ্রান্ত লড়াই করতে হবে তার বিরুদ্ধে। বিজ্ঞানের কাছে কুষ্ঠ আজ পরাজিত। কুষ্ঠ বেশীর ভাগ ক্ষেত্রেই সংক্রামক নয়। সহজে সংক্রামকতা ছড়িয়ে যায় না। জনসাধারণের মধ্যে কুষ্ঠরোগ সম্বন্ধে যে অবৈজ্ঞানিক ধারণা আছে সেগুলি দূর করতে অনেক সময় লাগবে। সেই কাজে আমরা আত্ম-নিয়োগ করব।

কুষ্ঠরোগীদেরও কর্ত্তব্য আছে। নানা ধরণের কাজে তাদের আত্মনিয়োগ করতে হবে। মেয়েদের হাতের কাজ শিখতে হবে। কাজের মধ্য দিয়ে জীবনের সঙ্গে যোগ হবে। এই অন্ধকারের মধ্যে আনন্দের আলো জ্বলবে। তাতে তারা বল পাবে, শরীরের ও মনের সুস্থতা লাভ করবে। সত্যনিষ্ঠ হয়ে, মানুষকে ভালোবাসতে পারলে জীবন কল্যাণপ্রসূ হয়। আমাদের পরম সৌভাগ্য আমরা রামমোহন, বিদ্যাসাগর, গান্ধীজী, রবীন্দ্রনাথ ও রামানন্দের মতো মানুষদের আমাদের আপনজন হিসেবে পেয়েছি। তাঁদের আদর্শ অন্তরে প্রতিষ্ঠিত করে জীবনের পথে অগ্রসর হওয়াই পরম কল্যাণের পথ।

---

## সাঁতার শিক্ষণ শিবির

—•—

পশ্চিমবঙ্গ রাজ্য ক্রীড়া পরিষদের স্কীম অনুযায়ী আগামী ১লা মার্চ্চ হইতে ২১ দিনের একটি সাঁতার শিক্ষণ শিবির বহরমপুরে অনুষ্ঠিত হইবে। বিশেষ বিবরণের জন্য এসোসিয়েসন আফিস ২৪নং গ্রান্টহল রোড বহরমপুর এই ঠিকানায় যোগাযোগ করুন।

---

## সম্পাদকের পরলোকগমন

গত ২রা ফাল্গুন সোমবার বহরমপুরের "মুর্শিদাবাদ পত্রিকার" সুযোগ্য সম্পাদক কালিদাস ভট্টাচার্য্য মহাশয় পরলোকগমন করিয়াছেন। মৃত্যুকালে তাঁহার বয়স ৬৪ বৎসর হইয়াছিল। তিনি ন্যায়নিষ্ঠ, কর্ত্তব্যপরায়ণ ও স্পষ্টবাদী ব্যক্তি ছিলেন। তাঁহার মৃত্যুতে আমরা স্বজন-বিয়োগ-ব্যথা অনুভব করিতেছি। তাঁহার পরিজনবর্গের শোকে সমবেদনা জ্ঞাপন করিয়া পরলোকগত আত্মার চিরশান্তি কামনা করিতেছি।

---

## ভারতরক্ষা বিধিতে গ্রেপ্তার

চালকল মালিকগণ বন্দী

সম্প্রতি কালনা সহরের সরস্বতী রাইস মিলের মালিক শ্রীশম্ভু ঘোষ এবং অম্বিকা রাইস মিলের মালিক আবদুর রসিদ চৌধুরী ও প্রাক্তন চাল ব্যবসায়ী শ্রীভক্ত মাঝিকে ভারতরক্ষা বিধির ৩০ ধারা মতে গ্রেপ্তার করা হয়েছে। শ্রীঘোষকে বহরমপুর সেন্ট্রাল জেলে এবং অপর দুইজনকে মেদিনীপুর সেন্ট্রাল জেলে পাঠানো হয়েছে।

---

## ডক্টর নির্ম্মলকুমার কর

বর্দ্ধমান জেলার রায়না থানার বোরোবলরাম নিবাসী স্বর্গীয় মণীন্দ্রনাথ কর মহাশয়ের পুত্র শ্রীনির্ম্মলকুমার কর (সোনা) সম্প্রতি ক্যালি-ফোর্নিয়া বিশ্ববিদ্যালয় হতে পেশী সংক্রান্ত বিষয়ে গবেষণা করে পি, এইচ, ডি, উপাধি লাভ করেছেন।

---

## কাশ্মীরে শাস্ত্রীনগর

জম্মু ও কাশ্মীর সরকার শীঘ্রই শাস্ত্রীনগর নামে একটি কলোনি প্রতিষ্ঠা করবেন। জম্মু শহরের উপকণ্ঠে গান্ধীনগরের কাছেই এই কলোনি প্রতিষ্ঠা করা হবে। এই নতুন কলোনিতে পরলোকগত শাস্ত্রীজীর একটি মর্মর মূর্তি থাকবে এবং তাঁর নামে একটী পাঠাগার হবে। জনসাধারণের মধ্যে তিন হাজার প্লট বিলি করা হবে।

---

## বিজ্ঞপ্তি

দিন ২৮-২-৬৬

জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালতের ১২৭/৬২ অন্ত মোকদ্দমা বাদী মৌলভী আবদুল হামিদ, বিবাদী উমেতুন বিবি দিং নামে থানা সুতীর অধীন মৌজা মদনা মধ্যে ২১১নং খতিয়ানে ·৮৫ শতক, ভৈরবপুর মৌজায় ২৫৭নং খতিয়ানে ·২৩ শতক ও খাঁপুর মৌজায় ৫১৭নং খতিয়ানে ·২০ শতক একুনে ১·২৮ শতক সম্পত্তির স্বত্ব থাক। সাব্যস্থে চিরস্থায়ী নিষেধাজ্ঞার দাবীতে যে নালিশ দায়ের করিয়াছেন তাহাতে ১৪নং বিবাদী সামেদা বিবি স্বামী আবদুল কারিম সাং তারাপুর চর থানা নবাবগঞ্জ ও সর্ব্ব-সাধারণকে এতদ্দ্বারা জ্ঞাত করা যাইতেছে যে, উক্ত মোকর্দ্দমায় আপনাদের কাহারও কোন জবাব থাকিলে জনৈক উকিল দ্বারা অত্র আদালতে দর্শাইবেন।

By Order of the Court
B. B Ghosh
Sharistadar, Munsif's
1st. Court, Jangipur.

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

২০/৬৫ মেট্রি

বাদী—সরফুন্নেসা বিবি সাং নূতনগঞ্জ থানা রঘুনাথগঞ্জ। প্রতিবাদী মুকলেসুর রহমান সাং ছোটকালিয়াই থানা রঘুনাথগঞ্জ

এতদ্দ্বারা সর্ব্বসাধারণের অবগতি করণার্থে অত্র বিজ্ঞপ্তি দেওয়া যাইতেছে যে, উক্ত বাদিনী উক্ত বিবাদীর নামে চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালতে বিবাহ বন্ধন বিচ্ছেদ জন্য উপরোক্ত মোকদ্দমা আনয়ন করিয়াছেন। উপরোক্ত মোকদ্দমার দিন আগামী ইং ১১-৩-৬৬ তারিখে ধার্য্য আছে। ঐ মোকদ্দমায় বাদিনীর ডিক্রী পাওয়ার সাপক্ষে উক্ত বিবাদী বা কাহারও কোন প্রকার আপত্তি থাকলে উপরোক্ত দিবসে উক্ত আদালতে স্বয়ং বা জনৈক উকিল দ্বারা হাজির হইয়া দর্শাইবেন। অন্যথায় উক্ত দিবস অন্তে আইন নির্দ্ধারিত মতে নিষ্পত্তি হইবে।

By Order of the Court
B. B. Ghosh
Sharistadar, Munsif's
1st. Court, Jangipur.

## সরকারী বিজ্ঞপ্তি

সচিব, আঞ্চলিক পরিবহণ প্রাধিকার পোঃ বহরমপুর, মুর্শিদাবাদ বিজ্ঞাপিত করিতেছেন যে মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহণ প্রাধিকারের ৫-১১-৬৫ ও ৩১-১২-৬৫ তারিখের সভায় ইহা স্থির হইয়াছে যে স্থায়ীভিত্তিতে নিম্নলিখিত বাসরুটগুলির সম্প্রসারণ হইবে এবং তাহা সংশ্লিষ্ট রুটের বর্ত্তমান পারমিটধারীর অনুকূলে মঞ্জুর করা হইবে। রুটের নাম, প্রস্তাবিত সম্প্রসারণ এবং বর্ত্তমান পারমিট-ধারীর নাম যথাক্রমে :—(১) লালগোলা জঙ্গীপুর, কৃষ্ণপুর ; শ্রীমিহিরকুমার মুখার্জী, পোঃ পটিকাবাড়ী (২) রাধারঘাট—কান্দী, সাঁকোঘাট, (ক) নির্মলচন্দ্র মুখার্জী, পোঃ বহরমপুর, (খ) শ্রীযদুলাল রায়, পোঃ কান্দী, (গ) শ্রীরথীন্দ্র দেব ঘোষ হাজরা, খাগড়া ; (ঘ) শ্রীরবীন্দ্রনাথ মজুমদার ও অন্যান্য, পোঃ খাগড়া (ঙ) শ্রীজটিলচন্দ্র দাস ও অন্যান্য, পোঃ কান্দী, (চ) শ্রীমতী উমারাণী দেবী ও অন্যান্য, কান্দী (ছ) শ্রীমতী উমারাণী দেবী ও অন্যান্য, পোঃ কান্দী। নিম্নলিখিত রুটগুলির সম্প্রসারিত অংশে প্রত্যহ আপ ও ডাউন উভয়দিকে এক ট্রিপ বাড়ানো হইয়াছে এবং সমস্ত অপারেটরগণ কর্ত্তৃক যুক্তভাবে পরিচালিত হইবে :— (১) রাধারঘাট—কান্দী, জজান, (ক) শ্রীনির্মলচন্দ্র মুখার্জী, পোঃ বহরমপুর, (খ) শ্রীযদুলাল রায়, কান্দী, (গ) শ্রীরথীন্দ্র দেব ঘোষ হাজরা, পোঃ খাগড়া, (ঘ) শ্রীরবীন্দ্রনাথ মজুমদার ও অন্যান্য, পোঃ খাগড়া, (ঙ) শ্রীজটিলচন্দ্র দাস ও অন্যান্য পোঃ কান্দী, (চ) শ্রীমতী উমারাণী দেবী ও অন্যান্য, কান্দী, (ছ) শ্রীমতী উমারাণী দেবী ও অন্যান্য, কান্দী। (২) বহরমপুর—নবীপুর (লালবাগ হইয়া বামনাবাদ, (ক) মেসার্স স্বর্গধাম সেবক সঙ্ঘ, পোঃ খাগড়া, (খ) শ্রীহেমন্তকুমার তেওয়ারী, পোঃ প্রতাপপুর। (৩) রাধারঘাট—মোরগ্রাম, রঘুনাথগঞ্জ শ্রীনির্ম্মলকুমার মিত্র, পোঃ খাগড়া। মুর্শিদাবাদ আঞ্চলিক পরিবহণ প্রাধিকার নিম্নলিখিত রুটগুলিতে বর্ত্তমান অপারেটরগণের বাস অনুযায়ী স্থায়ীভাবে প্রত্যহ উভয়দিকে এক ট্রিপ মঞ্জুর করা স্থির করিয়াছে :— (১) কান্দী—পাচুটিয়া শ্রীসুধীরকৃষ্ণ সাহা, পোঃ বড়ঞা এর দুই পারমিটের প্রত্যেকটি অনুযায়ী কান্দী জয়পুর, শ্রীতুলসীধর ঘোষ হাজরা, পোঃ কান্দী (৩) কান্দী ঝিকরহাটি শ্রীপ্রফুল্লকুমার দে, পোঃ খরজুনা, (৪) জঙ্গীপুর কৃষ্ণপুর (ক) শ্রীবিমলচাঁদ পাণ্ডে, পোঃ খাগড়া এবং (খ) শ্রীমিহিরকুমার মুখার্জী, পোঃ পটিকাবাড়ী উভয় অপারেটরকে যুক্তভাবে (৫) রাধারঘাট কান্দী, (ক) শ্রীনির্ম্মলচন্দ্র মুখার্জী, পোঃ বহরমপুর, (খ) শ্রীযদুলাল রায়, পোঃ কান্দী, (গ) শ্রীরথীন্দ্র দেব ঘোষ হাজরা, পোঃ খাগড়া (ঘ) শ্রীরবীন্দ্রনাথ মজুমদার ও অন্যান্য, পোঃ খাগড়া, (ঙ) শ্রীজটিলচন্দ্র দাস ও অন্যান্য, পোঃ কান্দী, (চ) শ্রীমতী উমারাণী দেবী ও অন্যান্য, পোঃ কান্দী, (ছ) শ্রীমতী উমারাণী দেবী ও অন্যান্য, পোঃ কান্দী। ইহা আরও স্থির হইয়াছে যে কান্দী পাঁচথুপী রুটে (কান্দী হইয়া পাঁচথুপী—বেলগ্রাম রুটের অংশ) শ্রীঅজিতকুমার চ্যাটার্জী, পোঃ খাগড়া শ্রীচিন্ময়কুমার দাস, পোঃ খাগড়া এবং শ্রীপুরোজিতকিশোর কর ও অন্যান্য, পোঃ খাগড়া ইঁহাদের প্রত্যেকের জন্য যুক্তভাবে প্রত্যহ উভয়দিকে স্থায়ীভাবে দুই ট্রিপ মঞ্জুর করা হইবে। ১৯৩৯ সালের মোটরযান আইনের ৫৭ ধারা অনুযায়ী এই ব্যাপারে আর্জিসমূহ উপরোক্ত সচিব কর্ত্তৃক ১৯৬৬ সালের ৯ই মার্চ্চ বৈকাল ৫টা পর্যান্ত গৃহীত হইবে। মুর্শিদাবাদ আঞ্চলিক পরিবহণ প্রাধিকার কর্ত্তৃক যে স্থানে, সময়ে ও তারিখে আর্জিসমূহ (যদি পাওয়া যায়) বিবেচিত হইবে তাহা যথাসময়ে বিজ্ঞাপিত হইবে।

## সীমান্তে চলাচল সম্পর্কে নিষেধাজ্ঞা

মুর্শিদাবাদ জেলা সমাহর্তা শ্রীবিশ্বরূপ মুখোপাধ্যায় মহাশয় পশ্চিমবঙ্গ নিরাপত্তা আইনের ২০ ধারানুযায়ী প্রচারিত এক আদেশবলে আগামী ১৪ই এপ্রিল, ১৯৬৬ পর্য্যন্ত মুর্শিদাবাদ জেলার ভারত পাকিস্তান সীমান্তের পাঁচ মাইল পর্য্যন্ত ভূখণ্ডে সন্ধ্যা হইতে ভোর পর্য্যন্ত যে কোন প্রকার যানবাহনে অথবা মনুষ্যবাহিত হইয়া গৃহপালিত পশুসহ সর্ব্বপ্রকার আবশ্যকীয় পণ্যসামগ্রীর চলাচল এবং হাটে বাজারে, দোকানে ক্রয়-বিক্রয় নিষিদ্ধ করিয়াছেন। কেবল-মাত্র যথাযথ লাইসেন্সপ্রাপ্ত ঔষধের দোকান, জেলা শাসন কর্ত্তৃপক্ষের নিকট হইতে প্রয়োজনীয় আদেশ-নামা প্রাপ্ত কলিকাতা-শিলিগুড়ি সড়কে চলাচল-কারী যানসমূহের এবং প্রকৃত মৎস্যজীবিদের ক্ষেত্রে এই আদেশ আবশ্যকমত শিথিল করা হইবে অথবা প্রযোজ্য হইবে না।



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

# আমলা কেশ

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



---

শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও

## সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

---

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ

সেলস অফিস ও গোডাউন
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪১০০

---

## দাস ঘর

পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

সকল প্রকার সাইন-বোর্ড লেখা হয়

---

## আর. পি. ওয়াচ কোং

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

---

হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

---

**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২·২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)